দৈনিক ব[illegible]লা

তারিখ ৯.৭।2।৮৭
পৃষ্ঠা ... কল[illegible] ...

461

074

# ভর্তি বা পাসের চেয়ে যে সমস্যা বড়

ভর্তি পরীক্ষা শিক্ষা ব্যবস্থা পরীক্ষা পদ্ধতি ইত্যাদি নিয়ে 'দৈনিক বাংলায়' যথেষ্ট লেখালেখি হয়। এসবের কোন কিছু সম্পর্কেই লিখবো না। স্কুলে ভর্তি হওয়া ও পাস করার চাইতেও বই সংগ্রহ করা বর্তমানে সবচেয়ে বড় সমস্যা। ডিসেম্বরের ২০ থেকে ২৪ তারিখের মধ্যে সব স্কুলে রেজাল্ট বের হয়েছে। পত্রিকান্তরে জেনেছিলাম ডিসেম্বরের শেষ সপ্তাহ নাগাদ সব পোস্ট অফিসে ছাত্রছাত্রীরা স্কুলের পরিচয় পত্রের মাধ্যমে বই কিনতে পারবে। কিন্তু জানুয়ারী মাস শেষ হতে চললো। অথচ বই এর কোন পাত্তাই নেই। যেসব পোস্ট অফিসে বই পাওয়া যায় ছাত্রছাত্রীদের তুলনায় তার সংখ্যা খুবই নগন্য। সেখানে ছাত্রছাত্রী ও অভিভাবকের লাইন বেবীফুট ও রেশনের লাইনকে ছাড়িয়ে যায়। এই প্রচন্ড ভীড় অতিক্রম করে বই খুব কম সৌভাগ্যবানদের পক্ষেই পাওয়া সম্ভব হয়। দেশের আনাচে কানাচে পোস্ট অফিস এখনো তেমনভাবে গড়ে উঠেনি। বলাবাহুল্য সব গ্রাম পোস্ট অফিস থেকে অনেক দূরে অবস্থিত সে গ্রামের ছাত্রছাত্রীদের পক্ষে প্রতিদিন পোস্ট অফিসে এসে খোঁজ নেওয়া সম্ভব নয়। বর্তমানে দেখা যাচ্ছে দাম বেশী দিলে পোস্ট অফিসের পরিবর্তে লাইব্রেরীতেই বই পাওয়া যায়। কাজেই অভিভাবকের মনে প্রশ্ন জাগছে বেশী দাম দিয়ে লাইব্রেরী থেকে বই কিনবে না অল্পদামে পোস্ট অফিসে বই পাওয়ার জন্যে অপেক্ষা করবে।

কর্তৃপক্ষের কাছে তাই আবেদন অবিলম্বে প্রচুর পরিমানে বই সরবরাহ করে ছাত্রছাত্রী ও অভিভাবকদের মানবিক অশান্তি থেকে মুক্তি দিন।

রওশন আরা রোজী
বিএ ২য় বর্ষ
ইডেন গার্লস কলেজ
ঢাকা।